

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান বুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
ডামুড়া, শরীয়তপুর  
bbs.damudya.shariatpur.gov.bd

তারিখ: ১৪।০১।২০২০.....

স্মারক নং-৫২.০১.৮৬২৫.০০০.১৪.০০১.২০- ০৮

### তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান বুরো কর্তৃক বাষ্পবায়নারীন জনশুমারি ও গৃহগন্মা ২০২১ এর লিস্টিং অপারেশন এবং মূল শুমারির গণনা কার্যক্রমে তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচনের জন্য প্রান্মেল গঠনের লক্ষ্যে নিয়ন্ত্রিত শর্তে শুধুমাত্র ডামুড়া উপজেলায় স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুব মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র.নং	পদের নাম	প্রাপ্ত ভাত্তাদি(টাকা)	প্রার্থীর শিক্ষাগত যোগাতা ও অন্যান্য যোগ্যতা
০১)	সুপারভাইজার	প্রশিক্ষণ: ৮০০/- (প্রতিদিন) পারিতোষিক: ৮৫০০/- (ভাট্ট সহ, মোট)	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব ম্যার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) ম্যার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধি হতে হবে। ৪) ম্যার্টফোনের ক্ষীণ সাইজ ন্যূনতম ৫.০(পৌঁচ্চ) ইঞ্জি হতে হবে। ৫) ০১/০১/২০২০ তারিখে বয়স ২০-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২)	তালিকাকারী/গণনাকারী	প্রশিক্ষণ: ৪০০/- প্রতিদিন। পারিতোষিক: ৮০০০/- (ভাট্ট সহ, মোট)	১) ন্যূনতম এইচএসসি/সমান্বিত পাস হতে হবে। ২) নিজস্ব ম্যার্টফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) ম্যার্টফোনের এন্ড্রয়েড ভার্সন ৬.০ বা তদুর্ধি হতে হবে। ৪) ম্যার্টফোনের ক্ষীণ সাইজ ন্যূনতম ৫.০(পৌঁচ্চ) ইঞ্জি হতে হবে। ৫) ০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৬) সহজে বোধগম্য হাতের লেখার অধিকারী হতে হবে। ৭) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

বিদ্রোহ উপর্যুক্ত হার প্রকল্পের বর্তমান ডিপিপি'র বর্ণনা মোতাবেক। তবে ডিপিপি সংশোধিত হলে, জাতীয় স্বার্থে প্রয়োজন দেখা দিলে কিংবা নতুন বিধিমালা জারি কোরা এবং বর্তমান কর্তৃপক্ষের সিফাস অনুসারে উক্ত হার পরিবর্তিত হতে পারে।

#### শর্তাবলী:

- ১) উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট (bbs.damudya.shariatpur.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক শ্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়া আবেদনের নির্ধারিত ফরম জেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট(bbs.shariatpur.gov.bd) থেকেও সংগ্রহ করা যাবে।
- ২) লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/১০২০ মাসে) কার্যক্রমে প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- ৩) লিস্টিং অপারেশনে মোবাইল আপস ব্যবহারপূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় নিজস্ব ম্যার্টফোন রয়েছে এবং ম্যার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- ৪) নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে।
- ৫) লিস্টিং অপারেশনে নিয়োজিত তালিকাকারী ও সুপারভাইজারগণের কার্যক্রম সত্ত্বেও নির্ধারিত ফরম সংগ্রহক মর্মে প্রতীয়মান হলে তারা মূল শুমারিতেও যথাক্রমে গণনাকারী এবং সুপারভাইজার হিসেবে দায়িত্ব পালন করবেন।
- ৬) লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্যকোন কর্মে নিযুক্ত করতে পারবেন না।
- ৭) ছুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- ৮) সকল পদের আবেদন ফরম বক্ত খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখ পূর্বে আগামী ২৫/০১/২০২০খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান অফিসারের কার্যালয়ের নির্ধারিত বক্তে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- ৯) প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায়(প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- ১০) শুধুমাত্র লিস্টিং অপারেশনের জন্য প্রার্থীদের তালিকা উপজেলা নির্বাচনী অফিসারের কার্যালয়ের নেটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এছাড়াও চূড়ান্ত তালিকা উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইটেও প্রকাশ করা হবে। একইসাথে মোবাইলে মেসেজ প্রদানের মাধ্যমে জানানো হবে।
- ১১) নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে আগ্রহী নন বলে গণ্য হবেন এবং তার নিয়োগ তাঙ্কণিকভাবে বাতিল হয়ে যাবে।
- ১২) মূল শুমারির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা যথাসময়ে প্রকাশ করা হবে।
- ১৩) নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মতুর্জা আল- মুস্তাফা  
উপজেলা নির্বাচনী অফিসার  
ডামুড়া, শরীয়তপুর

৬

স্বাক্ষর

জনশুমারি ও গৃহগন্মা ২০২১ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
ডামুড়া, শরীয়তপুর